

মার্কিপক্স আতঙ্ক, ভারতে স্থল সীমান্তসহ সকল বিমানবন্দরে সতর্কতা জারি

- A Monitor Desk Report

Date: 20 August, 2024



নয়াদিল্লি: সংক্রামক রোগ এমপক্স আতঙ্কে ভারতের সকল বিমানবন্দরে সতর্কতা জারি করা হয়েছে। এছাড়া বাংলাদেশ ও পাকিস্তানের সাথে ভারতের স্থল সীমান্তেও জারি করা হয়েছে সতর্কতা।

আগে মার্কিপক্স নামে পরিচিত অত্যন্ত সংক্রামক এই রোগের বিষয়ে ভারতে কর্মকর্তাদের নজরদারি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। এমপক্সের প্রাদুর্ভাবকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) জরুরি জনস্বাস্থ্য অবস্থা হিসেবে ঘোষণা করার পর ভারতীয় কর্তৃপক্ষ এই পদক্ষেপ নিলো।

সোমবার (১৯ আগস্ট) রাতে এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম।

প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) এমপক্সকে জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করার পর ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় দেশটির বিমানবন্দরগুলোকে সতর্ক থাকতে বলেছে এবং কর্মকর্তাদের নজরদারি বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে।

আন্তর্জাতিক উদ্বেগ থেকে আফ্রিকার কিছু অংশে এমপক্সের প্রাদুর্ভাবকে জরুরি জনস্বাস্থ্য অবস্থা ঘোষণা করে ডব্লিউএইচও। আগে মার্কিপক্স নামে পরিচিত অত্যন্ত সংক্রামক এই রোগে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রে অন্তত ৪৫০ জনের মৃত্যু হয়েছে।

আফ্রিকার দেশগুলোর বাইরে সুইডেন এবং পাকিস্তানে এমপক্সে আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে। তবে ভারতে এখন পর্যন্ত এমপক্সে আক্রান্ত রোগী শনাক্ত হওয়ার খবর পাওয়া যায়নি।

সংবাদমাধ্যম বলেছে, তবে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে ভারতের কেন্দ্রীয় সরকার বাংলাদেশ ও পাকিস্তানের সীমান্তে স্থলবন্দরের কর্মকর্তাদের পাশাপাশি দেশের সমস্ত বিমানবন্দরকে সতর্ক থাকতে বলেছে বলে সরকারি সূত্রের বরাত দিয়ে বার্তাসংস্থা পিটিআই জানিয়েছে।

এছাড়া এমপক্সের লক্ষণ রয়েছে এমন আন্তর্জাতিক যাত্রীদের সম্পর্কেও কর্মকর্তাদের সতর্ক থাকতে বলা হয়েছে। ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রিন্সিপাল সেক্রেটারি পিকে মিশ্রের সভাপতিত্বে উচ্চ-পর্যায়ের বৈঠকের একদিন পরই এই সতর্কতা দেওয়া হলো।

এমপক্সে আক্রান্ত রোগীদের ব্যবস্থাপনা, তাদের আইসোলেশন এবং চিকিৎসার জন্য রাম মনোহর লোহিয়া হাসপাতাল, সফদারজং হাসপাতাল এবং লেডি হার্ডিঞ্জ হাসপাতালকে নোডাল কেন্দ্র হিসাবে চিহ্নিত করেছে নরেন্দ্র মোদির সরকার।

প্রতিবেদনে বলা হয়েছে, দেশের সকল রাজ্য সরকারকে তাদের এখতিয়ারের অধীনে এই জাতীয় মনোনীত হাসপাতালগুলো চিহ্নিত করার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় সরকার। অবশ্য বর্তমান মূল্যায়ন অনুসারে, বর্তমান সংক্রমণের জেরে বড় ধরনের প্রাদুর্ভাবের ঝুঁকি কম বলে কর্মকর্তাদের উদ্ধৃত করে বলেছে সংবাদমাধ্যম।

-B